

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১৮২

৩২/ জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩২/৪৪. আহ্যাবের যুদ্ধ এবং তা হচ্ছে খান্দাক।

غزوة الأحزاب وهي الخندق

## আরবী

حديث الْبَرَاءِ رضي الله عنه، قَالَ: رَأَيْتُ رَسُولَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الأَحْزَابِ يَنْقُلُ التُّرابَ، وَقَد وَارَى التُّرَابُ بَيَاضَ بَطْنِهِ، وَهُوَ يَقُولُ: لَوْلاَ أَنْتَ مَا اهْتَدَيْنَاوَلاَ تَصَدَّقْنَا وَلاَ صَلَّيْنَافَأَنْزِلِ السَّكِينَةَ عَلَيْنَاوَتُبِّتِ الأَقْدَامَ إِنْ لاَقَيْنَاإِنَّ الأَلْكَى قَد بَغَوْا عَلَيْنَا إِذَا أَرَادُوا فِتْنَةً أَبَيْنَا

## বাংলা

১১৮২. বারা' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আহ্যাবের দিন আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি যে, তিনি মাটি বহন করছেন। আর তার পেটের শুভ্রতা মাটি ঢেকে ফেলেছে। সে সময় তিনি আবৃত্তি করছিলেন, (হে আল্লাহ)

আপনি না হলে আমরা হিদায়াত পেতাম না:

সাদাকা দিতাম না এবং সালাত আদায় করতাম না।

তাই আমাদের উপর শান্তি নাযিল করুন।

যখন আমরা শক্র সম্মুখীন হই তখন আমাদের পা সুদৃঢ় করুন।

ওরা আমাদের বিরুদ্ধাচরণ করেছে।

তারা যখনই কোন ফিতনা সৃষ্টি করতে চায় তখনই আমরা তা থেকে বিরত থাকি।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫৬ : জিহাদ ও যুদ্ধাভিযান, অধ্যায় ৩৪, হাঃ ২৮৩৭; মুসলিম, পর্ব ৩২: জিহাদ, অধ্যায় ৪৪,



হাঃ ১৮০৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন